

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৫৭

٩. यन गलाता সूमिष्ठ উপদেশমালা (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো আল্লাহর আযাব থেকে নিজেকে কম নিরাপদ মনে করা (আমরা এর থেকে আল্লাহর কাছে পানাহ চাই), যদিও সে সৎ আমল সম্পাদনের ক্ষেত্রে প্রাণান্তকর চেষ্টা করে

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ قِلَّةِ الْأَمْنِ مِنْ عَذَابِ اللَّهِ نَعُوذُ بِهِ مِنْهُ وَإِنْ كَانَ مشمِّراً فِي أَسْبَابِ الطَّاعَاتِ جهده

আরবী

657 ـ أخبرنا أبو خليفة قال: حدثنا العقنبي قَالَ: حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ بِلَالٍ عَنْ جَعْفَرِ بُنِ مُحَمَّدٍ عَنْ عَطَاءِ بْنِ أَبِي رَبَاحٍ أَنَّهُ سَمِعَ عَائِشَةَ زَوْجَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَقُولُ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا كَانَ يَوْمُ رِيحٍ أَوْ غَيْمٍ عُرف ذَلِكَ فِي وَجْهِهِ تَقُولُ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا كَانَ يَوْمُ رِيحٍ أَوْ غَيْمٍ عُرف ذَلِكَ فِي وَجْهِهِ وَأَقْبَلَ وَأَقْبَلَ وَأَدْبَرَ فَإِذَا مَطَرَتْ سُرَّ بِهِ وَذَهَبَ ذَلِكَ عَنْهُ فَسُئل فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنِي خَشِيتُ أَنْ يَكُونَ عَذَابًا سُلِّطَ عَلَى أُمَّتِي)

الراوي: عَائِشَةَ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 657 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬৫৭. 'আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন ঝড় বা মেঘাচ্ছনের দিন হতো, সেটার ছাপ তাঁর চেহারায় বুঝা যেতো আর তিনি (উদ্বিগ্ন হয়ে) সামনে-পিছনে হাঁটাচলা করতেন। অতঃপর যখন বৃষ্টি হতো, তখন তিনি খুশি হতেন এবং তাঁর থেকে সেই ভাব দূর হয়ে যেতো। অতঃপর তাঁকে এই ব্যাপারে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, "আমার ভয় হয় য়ে, এটি আল্লাহর আযাব, যা আমার উম্মাতের উপর চাপিয়ে দেওয়া হয়েছে!"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৮৯৯; সুনান বাইহাকী: ৩/৩৬১; সহীহ আল বুখারী: ৩২০৬; তিরমিযী: ৩২৫৭; ইবনু মাজাহ:



৩৮৯১; মুসনাদ আহমাদ: ৬/৬৬; আবু দাউদ: ৫০৯৮।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ:: ২৭৫৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন